আজকের কাগজ

তারিখ 03 JUL 1995
পৃষ্ঠা ২ কলাম ৫

42

# চ.বি শামসুন নাহার হলে শিবিরের মহিলা কর্মিদের মাস্তানী ।। ছাত্রী লাঞ্ছিত

কাগজ প্রতিবেদক : চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শামসুননাহার আবাসিক হলে ইসলামী ছাত্রী, সংস্থা কর্মিরা (ছাত্রী-শিবির) জনৈক ছাত্রীকে লাঞ্ছিত করে জোর করে রুম থেকে বের করে দিয়েছে। রুমের আলমারি থেকে কাপড়- চোপড় ও অন্যান্য জিনিসপত্র বের করে বাইরে ফেলে দেয়া হয়। গত শনিবার রাতে এ ঘটনা ঘটে ১২১ নম্বর রুমে। এ ঘটনাকে কেন্দ্র করে সাধারণ ছাত্রিদের মধ্য উত্তেজনা বিরাজ করছে। গতকাল সন্ধ্যা ৭টায় হলে সাধারণ ছাত্রিরা এক প্রতিবাদ সমাবেশের ডাক দেয়। তারা (সাধারণ ছাত্রিরা) এ ঘটনার তীব্র প্রতিবাদ ও নিন্দা করে বলেন, পুরো হল ছাত্রী সংস্থার দখলে নেওয়ার অংশ হিসেবে ইসলামী ছাত্রশিবির পরিকল্পনা অনুযায়ী স্বাধীনতা ও প্রগতি বিরোধী ঘাতকদের সহযোগী ইসলামী ছাত্রী সংস্থার (ছাত্রী শিবির) কর্মিরা "টেষ্ট কেইস" হিসেবে এ ঘটনা ঘটায়। সাধারণ ছাত্রিরা ছাত্রী লাঞ্ছিত, ও তার জিনিসপত্র তছনছ ও জোর করে রুম থেকে বের করে দেওয়ার সঙ্গে জড়িত ছাত্রী সংস্থার নায়িকাদের অবিলম্বে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ও হল থেকে বহিষ্কার ও শাস্তি দেয়ার জোর দাবি জানান।